20 JUN 1992

আজকের কাগজ

তারিখ 20 JUN 1992

পৃষ্ঠা ... কলাম ...

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকের কক্ষ ও গবেষণাগারে অগ্নিসংযোগ

**কাগজ প্রতিবেদক:** ঈদ-উল-আযহা উপলক্ষে দশদিন বন্ধ থাকার পর আজ ঢাকা বিশ্ববিদ্যালয় খুলছে। খুললেও শিক্ষকদের কর্মবিরতির কারণে কোনো ক্লাস বা পরীক্ষা হবে না। পদার্থবিদ্যা বিভাগের শিক্ষক ডঃ বদরুল আলমের ওপর হামলাকারী ছাত্রকে বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার ও তার অনার্স ডিগ্রী বাতিলের দাবিতে শিক্ষকরা গত ৬ জুন থেকে কর্মবিরতি পালন করছেন। শিক্ষকদের দাবির প্রেক্ষিতে ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঘটনা তদন্তের জন্যে বিজ্ঞান অনুষদের ডীন ডঃ মসিহুজ্জামানের নেতৃত্বে ৩ সদস্য বিশিষ্ট কমিটির ওপর তদন্তের ভার দিয়েছে। তারা রিপোর্টও পেশ করেছে বলে জানা গেছে। এ রিপোর্টের ভিত্তিতে অভিযুক্ত ছাত্রের বিরুদ্ধে সিদ্ধান্ত গ্রহণের জন্যে আগামী ২২ জুন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিসিপ্লিনারী কমিটি ও একাডেমিক কাউন্সিলের সভা ডাকা হয়েছে। ২৪ তারিখ চূড়ান্ত সিদ্ধান্ত নেয়ার জন্যে সিন্ডিকেটের সভা ডাকা হয়েছে। সভায় গৃহীত সিদ্ধান্ত বিবেচনা করে শিক্ষক সমিতি পরবর্তী কর্মসূচি গ্রহণ করবে বলে সমিতির সাধারণ সম্পাদক ডঃ সাঈদ-উর রহমান জানিয়েছেন। এদিকে পদার্থ বিজ্ঞান বিভাগের দু'জন শিক্ষকের কামরা এবং গবেষণাগারে গতকাল সকালে কে বা কারা অগ্নিসংযোগ করেছে। এতে কয়েক লাখ টাকার মালামাল ভস্মীভূত হয়েছে এবং গবেষণাগারের ব্যাপক ক্ষতি সাধিত হয়েছে। দমকল বাহিনী আগুন নিভিয়ে ফেলে। শিক্ষক সমিতির জরুরি সাধারণ সভায় এ ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করা হয় এবং অবিলম্বে জড়িত ব্যক্তিদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়ার জন্যে কর্তৃপক্ষের প্রতি আহবান জানানো হয়। সমিতির সভাপতি ডঃ এস এম এ ফায়েজের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় শেখ আনসার আলীকে এখনও গ্রেফতার না করায় ক্ষোভ প্রকাশ করা হয়।